বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০০২.২৫/৩২২৪(ক)

তারিখ: ০১ নভেম্বর ২০২৬

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের **United Creation Garments**-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা (মহিলা)	মাসিক মূল বেতন
০১.	মেশিন অপারেটর (যেকোন দুটি মেশিনে পারদর্শি হতে হবে)	৩০ জন	১৩০ জেডি

অভিজ্ঞতা ও বয়স:

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২১-৩৯ বছরের মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

(১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
(২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
(৬)একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
(৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হি:গমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বীমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা, ফিঙ্গার প্রিন্ট ফি বাবদ ২০০ টাকা ও অঙ্গীকারনামা স্ট্যাম্প বাবদ ৫০০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে, যা পরবর্তীতে জর্ডানে চূড়ান্তভাবে গমনকৃত কর্মীদের নিয়োগকারী প্রতিষ্ঠান পরিশোধ করবেন।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

(১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে, মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি এবং পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১ বছর থাকতে হবে, (৩) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে), (৪) ভোটার আইডির কপিসহ উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আগ্রহী প্রার্থীদের আগামী ০৬ নভেম্বর, ২০২৬ তারিখ, রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সরাসরি সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র**, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮০৩১৯১২৫, ০২-৪৮০৩১৭৫১৫ ও ০২-৫৮০৩১১৮০৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: বর্ণিত চাকুরির জন্য আপনাকে অবশ্যই নির্ধারিত ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

ইন্টারভিউতে অংশগ্রহণের নিমিত্তে আবেদনকারীকে অবশ্যই বর্তমানে কর্মরত অফিসের পরিচয়পত্র সাথে রাখতে হবে।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

০১.১১.২৬
মোহাম্মাদ ফয়সালউদ্দিন
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

০১/১১/২৬
নু-এমং মারমা মং
উপ-মহাব্যবস্থাপক (বো.নি.)
বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৪৮০৩১৯১২৫ (পিএবিএক্স)
মোবাইল : +৮৮-০১৭৬৫৪১১৬৫৩
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।